

# এসএসসি পরীক্ষা শুরু আজ

নিজস্ব  
প্রতিবেদক

১৫ ফেব্রুয়ারি,  
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



সারা দেশে আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমান পরীক্ষা। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসএসসির প্রথম দিনে বাংলা প্রথম পত্র বা সহজ বাংলা প্রথম পত্র বিষয়ে পরীক্ষা দেবে শিক্ষার্থীরা।

গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, এসএসসি-২০২৪ ও সমমান পরীক্ষা নিয়ে সংবাদ সম্মেলন করবেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

আজ সকাল ১১টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।

শিক্ষা মন্ত্রণালয় থেকে জানা গেছে, চলতি বছর এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নেবে ২০ লাখ ২৪ হাজার ১৯৪ জন পরীক্ষার্থী। সারা দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। দেশজুড়ে তিন হাজার ৭০০টি কেন্দ্রে পরীক্ষার আয়োজন করা হয়েছে।